

সারাদেশ

অপতথ্য রোধে তথ্য অধিকার নিশ্চিতের আহ্বান



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬, ০৩:১০ PM



সুনামগঞ্জে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সচেতন নাগরিক কমিটি (সনাক) ও নাগরিক তথ্য অধিকার ফোরাম, সুনামগঞ্জের যৌথ উদ্যোগে সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১১টায় শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

“ডিজিটাল যুগে সঠিক তথ্য নিশ্চিতকরণ: অপতথ্য রোধে তথ্য অধিকারের ভূমিকা” প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত মানববন্ধনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, গণমাধ্যমকর্মী, শিক্ষার্থী ও অধিকারকর্মীরা অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, তথ্য অধিকার আইন জনগণের ক্ষমতায়ন এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার। দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকদের তথ্য পাওয়ার সুযোগ আরও সহজ ও কার্যকর করা প্রয়োজন।

তারা বলেন, ডিজিটাল যোগাযোগের এই সময়ে সঠিক ও নির্ভরযোগ্য তথ্যের গুরুত্ব আগের যেকোনো সময়ের তুলনায় বেড়েছে। অপতথ্য ও

বিভাস্তিকর তথ্যের বিস্তার ঠেকাতে নাগরিকদের তথ্য অধিকার সম্পর্কে সচেতন করার পাশাপাশি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে তথ্য প্রদানের প্রক্রিয়া আরও সহজ ও জনবান্ধব করা দরকার। বক্তারা আরও বলেন, সাধারণ মানুষ যেন কোনো ধরনের জটিলতা বা হয়রানি ছাড়াই সরকারি ও বেসরকারি দপ্তর থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারেন, তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরও আন্তরিক ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

তারা বলেন, তথ্য অধিকার আইনের কার্যকর প্রয়োগ শুধু সরকারের একার দায়িত্ব নয়। স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন নিশ্চিত করতে গণমাধ্যম, সুশীল সমাজ, নাগরিক সংগঠন ও সাধারণ জনগণকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। পাশাপাশি তথ্যের সঠিক ব্যবহার নিশ্চিত করে গুজব ও অপতথ্যের বিরুদ্ধে সামাজিক সচেতনতা গড়ে তোলার ওপরও গুরুত্বারোপ করেন বক্তারা।

এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি গ্রামের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নগরটিতে দুই কেজি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টায় দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেন্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেন্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টায়...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/optthj-rodhe-tthj-odhikar-nishchiter-ahban>